



নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ইনস্টিটিউট অব ইনফরমেশন সায়েন্সেস



ডিপ্লোমা ও মাস্টার্স (প্রফেশনাল) প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব ইনফরমেশন সায়েন্সেস (আইআইএস) কর্তৃক পরিচালিত লাইব্রেরি এন্ড ইনফরমেশন সায়েন্সেস বিষয়ে পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা প্রোগ্রামের (১ বছর, ২ সেমিস্টার) ১৩তম ব্যাচ এবং প্রফেশনাল মাস্টার্স প্রোগ্রামের (২ বছর, ৪ সেমিস্টার) ২য় ব্যাচ - এ ভর্তিচ্ছুদের নিকট হতে নির্ধারিত ফরমে আবেদন আহ্বান করা যাচ্ছে। ভর্তিচ্ছু শিক্ষার্থীরা ৩০ জুন ২০২৪ পর্যন্ত আবেদন করতে পারবে। ভর্তি পরীক্ষার সময় যথাসময়ে জানিয়ে দেওয়া হবে। **ক্লাস সপ্তাহে ২ দিন (শুক্রবার ও শনিবার)।**

আবেদনের যোগ্যতা: স্নাতক (সম্মান/পাস) বা সমমান ডিগ্রি; যেখানে শিক্ষা জীবনে গ্রেডিং পদ্ধতিতে সর্বমোট ন্যূনতম ৭ (সাত) পয়েন্ট অথবা ডিভিশন পদ্ধতিতে ৫ (পাঁচ) পয়েন্ট (প্রথম শ্রেণির জন্য ৩ পয়েন্ট, দ্বিতীয় শ্রেণির জন্য ২ পয়েন্ট এবং তৃতীয় শ্রেণির জন্য ১ পয়েন্ট হিসেবে গণ্য হবে)।

উল্লেখ্য, অত্র ইনস্টিটিউটের অধীনে পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা প্রোগ্রাম সম্পন্নকারী শিক্ষার্থীরা পরবর্তী ২ সেমিস্টার সম্পূর্ণ করে মাস্টার্স ডিগ্রি অর্জন করতে পারবে।

আবেদনের নিয়মাবলি: অফিস থেকে সংগ্রহপূর্বক অথবা www.nstu.edu.bd/forms_and_downloads.html লিংক হতে ডাউনলোডকৃত আবেদন ফরম যথাযথভাবে পূরণ করে এবং শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট, মার্কশিট/ট্রান্সক্রিপ্টের সত্যায়িত ফটোকপি, সদ্য তোলা পাসপোর্ট সাইজের তিন কপি রঙিন ছবি ও আবেদন ফি হিসেবে নগদ ১,০০০ টাকা সকাল ৯টা থেকে বিকাল ৫টার মধ্যে (শুক্রবারসহ) আইআইএস এর অফিসে জমা দিয়ে প্রবেশপত্র সংগ্রহ করতে হবে।

যোগাযোগ: অফিস কক্ষ নং ২০২, দ্বিতীয়তলা, কেন্দ্রীয় লাইব্রেরি ভবন, ইনস্টিটিউট অব ইনফরমেশন সায়েন্সেস, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়। মোবাইল: 01883009899, Email: jis@office.nstu.edu.bd